গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সদরপুর, ফরিদপুর
(www.sadarpur.faridpur.gov.bd)

স্মারক নং-০৫.১২.২৯৮৪.০০০.৯৯.০২৪.২০-২৪৯

তাং ১১ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি, ২০২১ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি:

ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নসমূহে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে গ্রাম পুলিশ নিয়োগ করা হবে। সদরপুর উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | ইউনিয়ন | পদের নাম | পদের সংখ্যা | ওয়ার্ড নং | নিয়োগ পদ্ধতি | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | কৃষ্ণপুর | দফাদার | ১ | - | পদোন্নতি অথবা সরাসরি নিয়োগ | সরকার কর্তৃক নির্ধারিত (৩৫০০+৩৫০০) =৭০০০/- | **পদোন্নতির ক্ষেত্রেঃ** মহল্লাদার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে এইস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | ঢেউখালী | দফাদার | ১ | | | | |
| ৩. | চরবিষ্ণুপুর | মহল্লদার | ১ | ৯ | সরাসরি নিয়োগ | সরকার কর্তৃক নির্ধারিত (৩২৫০+৩২৫০) =৬৫০০/- | অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | ঢেউখালী | মহল্লাদার | ২ | ১,৩ | | | |

## নিয়োগের শর্তাবলী:

১. প্রার্থীদের অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে। তবে মহল্লাদারদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২. আবেদনপত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইরেজিতে), খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে), ছ) বয়স জ) জাতীয়তা, ঝ) ধর্ম, ঞ) শিক্ষাগত যোগ্যতা, ট) অভিজ্ঞতা (যদি থাকে), ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
৩. নিয়োগ বিজ্ঞপ্তি ও ফরম অত্র কার্যালয়ের ওয়েব পোর্টাল (www.sadarpur.faridpur.gov.bd) পাওয়া যাবে।
৪. শারীরিক যোগ্যতা:
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:
ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি, খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন সর্বনিম্ন ৫০ কেজি
মহিলা প্রার্থীর ক্ষেত্রে:
ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট, খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি
৫. আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র, গ) জাতীয় পরিচয় পত্রের/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্তকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি, চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
৬. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর এর অনুকূলে ১০০/-(একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

৭. মহল্লাদার পদে প্রার্থীর বয়স ১৬/০২/২০২১ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৮. মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভূক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯. প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয় পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১. আবেদন আগামী ১৬/০২/২০২১ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।

১২. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৩. আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

১৪. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে পদের নাম/কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৫. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, সদরপুর থানা, সদরপুর হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করতে হবে।

১৬. প্রার্থীকে নিয়োগ পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৭. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৮. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৯. পরবর্তীতে প্রার্থীদের চাকুরি স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।


স্বাক্ষরিত/=
(পূরবী গোলদার)
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর।
☎ ০৬৩২৮-৭৫৩০০
Email:unosadarpur@mopa.gov.bd


স্মারক নং-০৫.১২.২৯৮৪.০০০.৯৯.০২৪.২০-২৪৯ (১০০) তারিখ:২৫/০১/২০২১খ্রি.

**<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

১. জেলা প্রশাসক, ফরিদপুর।

২. উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।

৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদরপুর, ফরিদপুর।

৪. অফিসার ইনচার্জ, সদরপুর থানা, সদরপুর, ফরিদপুর।

৫. উপজেলা ..................................... অফিসার, সদরপুর, ফরিদপুর।

৬. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সদরপুর, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭. চেয়ারম্যান, .................................. ইউপি (সকল), সদরপুর, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮. সম্পাদক, ............................................................ পত্রিকা। আপনাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি সিঙ্গেল স্পেসে আগামী ২৮/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৯. অফিস কপি।

২৫/০১/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর।